## সরকারের গত ৭ (২০০৮-০৯ হতে ২০১৪-১৫) বছরে বীজ প্রত্যয়ন এজেন্সীর অগ্রগতির তথ্য প্রতিবেদন:

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রথম জাতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার (১৯৭৩-৭৮) আওতায় বীজের মান নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৭৪ সালের ২২ জানুয়ারি বীজ অনুমোদন সংস্থা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ২২ নভেম্বর ১৯৮৬ তারিখে এর "বীজ প্রত্যয়ন এজেন্সী" নামকরণ করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে সরকারি ও বেসরকারি পর্যায়ে উৎপাদিত ও বাজারজাতকৃত নিয়ন্ত্রিত ফসলের (ধান, গম, পাট, আলু, আখ, মেস্তা ও কেনাফ) বীজের প্রত্যয়ন ও মান নিয়ন্ত্রণে সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। জাতীয় বীজনীতির আলোকে দেশে একটি শক্তিশালী বীজ শিল্প গড়ে তোলার নিমিত্তে এর প্রত্যয়ন সেবা ফসলের জাত পরীক্ষাপূর্বক ছাড়করণ/নিবন্ধন থেকে শুরু করে মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন, পরীক্ষাগারে ও কন্ট্রোল খামারে বীজের মান পরীক্ষা, প্রত্যয়ন ট্যাগ ইস্যুকরণ, মার্কেট মনিটরিং এবং বীজ আইন ও বিধিমালা লংঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ পর্যন্ত সম্প্রসারিত। সংস্থাটির সকল কারিগরী কর্মকান্ড বীজ অধ্যাদেশ ১৯৭৭, জাতীয় বীজ নীতি ১৯৯৩, বীজ আইন (সংশোধন) ১৯৯৭, বীজ বিধিমালা ১৯৯৮, বীজ আইন (সংশোধন) ২০০৫ ও জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ি পরিচালিত হয়ে থাকে। বর্তমান কৃষিবান্ধব সরকারের বিগত ২০০৮-০৯ হতে ২০১৪-১৫ সময়ে বীজ প্রত্যয়ন এজেন্সীর অর্জিত উল্লেখযোগ্য সাফল্যের প্রতিবেদন নিম্নে উল্লেখ করা হলো:

১। **<u>সংস্থার জনবল বৃদ্ধিকরণ ও নতুন সাংগঠনিক কাঠামো অনুমোদন:</u>** বর্তমান কৃষিবান্ধব সরকার কর্তৃক অনুমোদিত নতুন জনবল কাঠামো অনুযায়ী সংস্থায় মোট পদের সংখ্যা ৫৬৯। তম্মধ্যে বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত পদের সংখ্যা ২৫১। উল্লেখ্য, ইতিপূর্বে সংস্থার মোট জনবল ছিল ২২৩। বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী দেশের ৭টি বিভাগে ৭টি আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিস ও বীজ পরীক্ষাগার এবং ৬৪টি জেলায় ৬৪টি জেলা বীজ প্রত্যয়ন অফিস অন্তর্ভূক্ত রয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যেই সকল বিভাগ ও জেলায় অফিস স্থাপনসহ কার্যক্রম শুরু হয়েছে।

২। **<u>জনবল নিয়োগ:</u>** বিবেচ্য সময়ে তৃতীয় শ্রেণির ২১ জন এবং চতুর্থ শ্রেণির ১৭ জন মোট ৩৮ জন কর্মচারি নিয়োগ লাভ করে।তৃতীয় শ্রেণীর আরও ১২ জন এবং চতুর্থ শ্রেণীর ২১ জন মোট ৩৩ জন কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করা হয়েছে, অচিরেই যোগদান পত্র ইস্যু করা হবে। আরও ৬৪ জন কর্মচারীর নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।

৩। **<u>প্রকল্প বাস্তবায়ন:</u>** উল্লিখিত সময়ে বীজ প্রত্যয়ন এজেন্সী জোড়দারকরণ প্রকল্প (জুলাই ২০০৬/-জুন/২০০৯), সীড কোয়ালিটি কন্ট্রোল প্রজেক্ট (জুলাই/২০০৭-জুন/২০১০), বীজমান উন্নয়নে মাঠ প্রত্যয়ন আধুনিকায়ন ও জোরদারকরণ কর্মসূচি (জুলাই/২০১২-জুন/২০১৫), ভ্রাম্যমান বীজ পরীক্ষাগার কর্মসূচি (জুলাই/২০১৩-জুন/২০১৫) সফলভাবে বাস্তবায়িত হয়েছে। ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রডাক্টিভিটি প্রজেক্ট (আইএপিপি)-এসসিএ সাবকম্পোনেন্ট (জুলাই/২০১১-জুন/২০১৬) চলমান রয়েছে যার অগ্রগতি সন্তোষজনক । ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রডাক্টিভিটি প্রজেক্ট (আইএপিপি) এর অর্থায়নে খরাপ্রবণ উত্তরাঞ্চলের রংপুর জেলায় আঞ্চলিক বীজ পরীক্ষাগারে এবং দেশের দক্ষিণাঞ্চলে পটুয়াখালি জেলায় স্থাপিত নতুন বীজ পরীক্ষাগারে বীজ পরীক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। দেশব্যাপী ট্যাগ এর ভেজাল নিরোধ লক্ষ্যে বীজ প্রত্যয়ন ট্যাগ আধুনিকায়ন ও বিতরণ জোড়দারকরণ কর্মসূচি চালু রয়েছে। এই কর্মসূচীর আওতায় আধুনিক নতুন ট্যাগের বৈশিষ্ট্য সমূহ হলো-রঙিন, নিরাপত্তা কালিতে SCA লেখা মুদ্রিত এবং পেনিট্রেটিং কালিতে মুদ্রিত ক্রমিক নম্বর। তাছাড়া, কৃষকের দোরগোড়ায় বীজ পরীক্ষণ সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিটের অধীনে সংস্থা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান বীজ পরীক্ষাগার কর্মসূচির কার্যক্রম শেরপুর ও কিশোরগঞ্জ জেলার ৬টি উপজেলায় পরিচালিত হয়েছে।

৪। **<u>জাত ছাড়করণ/ নিবন্ধনঃ</u>** উল্লিখিত সময়কালে নোটিফাইড ফসল যথা: ধানের ইনব্রিড ৩৩টি ও হাইব্রিড ৮৬টি, গম ০৬টি, পাট ০৪টি, আলু ৩৫টি ও আখ ০৬টি সহ মোট ১৭০(একশত সত্তর) টি জাত ছাড়করণ/নিবন্ধন করা হয়।

৫। **<u>মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন</u>**: এ সময়ে অত্র সংস্থা কর্তৃক ধান বীজ ফসলের মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ ১,২১,৮৭৩.২৬ হেঃ এবংমাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ ৯৬,১৪৫ হেঃ। গম বীজ ফসলের মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ ১৯,২৭০ হেঃ এবংমাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ ১৭,৫৯৩ হেঃ। পাট বীজ ফসলের মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ ১৮,৩৭০ হেঃ এবংমাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ ১৪,৮২০ হেঃ। আলু বীজ ফসলের মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ ১৩,১৮৮৮ হেঃ এবং মাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ ১১,৫৩৮ হেঃ। পূর্বের তুলনায় অধিক পরিমাণ বীজ ফসলের জমি প্রত্যয়নের আওতাভুক্ত হওয়ায় দেশের পাবলিক এবং প্রাইভেট সেক্টরে বীজের মান সার্বিকভাবে উন্নত হয়েছে।

৬। **<u>বীজ প্রত্যয়ন:</u>** এ সময়ে অত্র সংস্থা কর্তৃক ৩,৪১,৬৫৯ মে.টন ধান, ৪৬,৩০১ মে.টন গম, ৮,০৪৪ মে.টন পাট ও ১,৯৭,৩৪৭ মে.টন আলু সহ মোট ৫,৯৩,৩৫২ (পাচ লক্ষ তিরানব্বই হাজার তিনশত বায়ান্ন) মে.টন বীজ প্রত্যয়ন করা হয়েছে।

৭। **বীজ পরীক্ষা ও গ্রো-আউট টেস্টঃ** জাতের বিশুদ্ধতা পরীক্ষার জন্য কন্ট্রোল খামারে ধানের ৭৩৬৪ টি, গমের ১৩৬৫টি, পাটের ৯৮১ টি এবং আলুর ১৩৭৬ টি সহ মোট ১১,০৮৬ টি (এগার হাজার ছিয়াশি) প্রি-পোস্ট কন্ট্রোল গ্রো আউট টেস্ট সম্পাদন করা হয়। এতে চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজের প্রাপ্তি, উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ ব্যবস্থার উন্নয়ন ঘটেছে।

৮। **প্রত্যয়ন ট্যাগ বিতরণঃ** এ সময়ে ধানের ৪,৬০,৬২,৭৭৬ টি, গমের ৯২,০৫,৭৫৪ টি, পাটের ১,৭০,০৮,৩৮৯ টি ও আলুর ৪৭,৩২,৪৪০ টি সহ মোট প্রায় ৭,১২,৩৮,৫৫৯ (সাত কোটি বার লক্ষ আটত্রিশ হাজার পাচশত উনষাট) টি প্রত্যয়ন ট্যাগ বিতরণ করা হয়।

৯। **প্রশিক্ষণ কর্মসূচীঃ** ৩০৩ টি স্থানীয় প্রশিক্ষণে প্রায় ৮৩০৯ জন কর্মকর্তা কর্মচারী এবং ১০ টি বৈদেশিক প্রশিক্ষণ/ শিক্ষা সফরে মোট ১২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। আয়োজিত ১৪ টি মাঠ দিবস ও ২১ টি কর্মশালায় কৃষক-কৃষাণিসহ সরকারি-বেসরকারি সংস্থার মোট ৪১১৯ জন অংশগ্রহণ করেন।

১০। **ভবন নির্মাণ, যন্ত্রপাতি ও যানবাহন সংগ্রহঃ** উল্লিখিত সময়ে সংস্থায় ৪টি আঞ্চলিক বীজ পরীক্ষাগার ও ১টি জাত পরীক্ষাগার ভবন, ১টি কম্পিউটার ল্যাব, ১টি প্রশিক্ষণ কক্ষ ও ১টি ডরমিটরী ভবন নির্মাণ করা হয় । ভ্রাম্যমান বীজ পরীক্ষাগার কর্মসূচির আওতায় ১টি ভ্রাম্যমান বীজ পরীক্ষাগার মিনিবাস ক্রয়সহ কারিগরি যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। নির্মিত পরীক্ষাগারসমূহের জন্য ELISA test kit, Spectro Photometer, PCR (Polymerase Chair Reaction) Machine, Electrophoresis unit, Water purification unit, Gel Documentation Machine সহ DNA Fingerprinting সংক্রান্ত অন্যান্য উন্নত মানের ল্যাব যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন করা হয়। জাত পরীক্ষাগারের জন্য একটি জেনারেটর সংগ্রহ করা হয়। তাছাড়া, আইএপিপি প্রকল্পের অর্থায়নে দুটি পিকআপ ভ্যান ক্রয় এবং পটুয়াখালি জেলায় নতুন বীজ পরীক্ষাগার ভবন স্থাপন সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। বীজমান উন্নয়নে মাঠ প্রত্যয়ন আধুনিকায়ন ও জোরদারকরণ কর্মসূচির অর্থায়নে মাঠ প্রত্যয়ন সংশ্লিষ্ট যন্ত্রপাতি এবং মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় ও রেফারেন্স বই সংগ্রহ করে মাঠ পর্যায়ের অফিসসমূহে বিতরণ করা হয়।

১১। **ই-কৃষি সেবা সম্প্রসারণঃ** কৃষিবান্ধব সরকারের রূপকল্প-২০২১ ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সংস্থার স্ট্যাটিক ওয়েবসাইটটিকে (www.sca.gov.bd) সম্প্রতি ডায়নামিক ওয়েবসাইটে রূপান্তর করে অনলাইনে রিপোর্টিং ও ডাটাবেইজ সংরক্ষণ শুরু হয়েছে। তাছাড়া, ভ্রাম্যমান বীজ পরীক্ষাগার কর্মসূচির আওতায় বীজ পরীক্ষার ফলাফল সরাসরি সংশ্লিষ্ট কৃষকগণকে মোবাইল এসএমএস, ইমেইল (প্রযোজ্য ক্ষেত্রে) এর মাধ্যমে পৌছে দেয়ার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১২। **মার্কেট মনিটরিং:** উল্লিখিত সময়ে মার্কেট মনিটরিং কার্যক্রমের আওতায় ২১৬২ টি বীজ নমুনা পরীক্ষা করে ১৫২৫ টি মানমসম্পন্ন এবং ৪৫০ টি নিম্নমানের নমুনা পাওয়া যায়।

- নিম্নে ছকে ২০০৮-০৯ হতে ২০১৪-১৫ বছরে বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি ছক আকারে প্রদান করা হলো:

ছক নং ০১. নোটিফাইড ফসলের (ধান, গম, পাট, আখ, আলু, মেস্তা ও কেনাফ) জাত ছাড়করণ/নিবন্ধন সংক্রান্ত প্রতিবেদন ঃ (পরিমাণ: সংখ্যায়)

| সাল | ধান | | গম | | পাট | | আলু | | আখ | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত ছাড়করণ (ইনব্রিড) | জাত নিবন্ধন (হাইব্রিড) | জাত ছাড়করণ | জাত নিবন্ধন | জাত ছাড়করণ | জাত নিবন্ধন | জাত ছাড়করণ | জাত নিবন্ধন | জাত ছাড়করণ | জাত নিবন্ধন | |
| ২০০৮-২০০৯ | ৪ | ২১ | ০ | ০ | ১ | ০ | ৩ | ০ | ০ | ০ | ২৯ |
| ২০০৯-২০১০ | ২ | ১১ | ২ | ০ | ০ | ০ | ১ | ০ | ২ | ০ | ১৮ |
| ২০১০-২০১১ | ৩ | ১০ | ০ | ০ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ১৫ |
| ২০১১-২০১২ | ৬ | ১৬ | ২ | ০ | ০ | ০ | ৭ | ০ | ০ | ০ | ৩১ |
| ২০১২-২০১৩ | ১ | ৭ | ০ | ০ | ০ | ০ | ৬ | ০ | ১ | ০ | ১৫ |
| ২০১৩-২০১৪ | ৮ | ১০ | ০ | ০ | ৩ | ০ | ১ | ০ | ০ | ০ | ২২ |
| ২০১৪-২০১৫ | ৯ | ১১ | ২ | ০ | ০ | ০ | ১৫ | ০ | ৩ | ০ | ৪০ |
| সর্বমোট | ৩৩ | ৮৬ | ৬ | ০ | ৪ | ০ | ৩৫ | ০ | ৬ | ০ | ১৭০ |

ছক নং ০২. বীজ ফসলের মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন কার্যক্রমের প্রতিবেদন ঃ (জমির পরিমাণ: হে:)

| সাল | ধান | | গম | | পাট | | আলু | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ | মাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ | মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ | মাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ | মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ | মাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ | মাঠ পরিদর্শনকৃত জমির পরিমাণ | মাঠ প্রত্যয়নকৃত জমির পরিমাণ |
| ২০০৮-২০০৯ | ১৩৫৮৬.২৬ | ১০৯৯১ | ৩৭৮৫ | ৩৫৯২ | ৩০৭৯ | ১৬৬০ | ৯৯৪ | ৮০২ |
| ২০০৯-২০১০ | ১৪৮২৭ | ১২০৪৫ | ৩১৮১ | ২৮৩৯ | ৩৩৭১ | ৩০০৯ | ১৩২৭ | ১১৩৩ |
| ২০১০-২০১১ | ১৭৮৭৬ | ১৩৯১২ | ৩৮২৮ | ৩১৪২ | ৩৩৫১ | ৩২৭০ | ১৭৬৫ | ১৫৭৯ |
| ২০১১-২০১২ | ১৯২২৬ | ১৪৬৪৬ | ২৬১৪ | ২৪৭৩ | ১৮৫৫ | ১৩৫০ | ১৬১৪ | ১৩৪৩ |
| ২০১২-২০১৩ | ১৬১৯০ | ১২০৪৬ | ২১৩৮ | ২০৭৮ | ২০৫৩ | ১৬৪৬ | ২১৬৯ | ২০২১ |
| ২০১৩-২০১৪ | ১৬৩৯৪ | ১২৩৬৫ | ২২২৬ | ২১২৬ | ২১৪৯ | ১৬৮৫ | ২৬৪২ | ২৩৭৩ |
| ২০১৪-২০১৫ | ২৩৭৭৪ | ২০১৪০ | ১৪৯৮ | ১৩৪৩ | ২৫১২ | ২২০০ | ২৬৭৭ | ২২৮৭ |
| সর্বমোট | ১২১৮৭৩.২৬ | ৯৬১৪৫ | ১৯২৭০ | ১৭৫৯৩ | ১৮৩৭০ | ১৪৮২০ | ১৩১৮৮ | ১১৫৩৮ |

ছক নং ০৩. প্রত্যয়নকৃত (প্রজনন, ভিত্তি, ও প্রত্যায়িত) বীজের প্রতিবেদন ঃ (বীজের পরিমাণ: মে.টন)

| সাল | ধান | গম | পাট | আলু | মোট |
|---|---|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | ৩৭৪৫৫ | ৭৪১১ | ১২২২ | ১৩৬১৩ | ৫৯৭০১ |
| ২০০৯-২০১০ | ৪৬৬১২ | ৭০৩৭ | ১৫৪০ | ২১০৩৭ | ৭৬২২৬ |
| ২০১০-২০১১ | ৫৫৪১৯ | ৮৯২৪ | ১৬১৬ | ২৩৮৭২ | ৮৯৮৩১ |
| ২০১১-২০১২ | ৫৭৭৮১ | ৬৩০৫ | ৮০৪ | ২৩১৫৪ | ৮৮০৪৪ |
| ২০১২-২০১৩ | ৪৬০৭৪ | ৬০১৬ | ৮৬৩ | ৩৫২৯২ | ৮৮২৪৫ |
| ২০১৩-২০১৪ | ৪৭৬৬৬ | ৬২৭৮ | ১০০২ | ৪১৩৪২ | ৯৬২৮৮ |
| ২০১৪-২০১৫ | ৫০৬৫২ | ৪৩৩০ | ৯৯৭ | ৩৯০৩৭ | ৯৫০১৬ |
| সর্বমোট | ৩৪১৬৫৯ | ৪৬৩০১ | ৮০৪৪ | ১৯৭৩৪৭ | ৫৯৩৩৫১ |

ছক নং ০৪. প্রি পোষ্ট কন্ট্রোল ও গ্রো-আউট টেষ্ট এর প্রতিবেদন ঃ (পরিমাণ: সংখ্যায়)

| সাল | ধান | গম | পাট | আলু | মোট |
|---|---|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | ৩৮৯ | ২৪৫ | ১৪৫ | ১৪৬ | ৯২৫ |
| ২০০৯-২০১০ | ৮৪৩ | ১৯৪ | ১০৬ | ১৯২ | ১৩৩৫ |
| ২০১০-২০১১ | ১১৯৯ | ২৫৬ | ১৭৩ | ২৩১ | ১৮৫৯ |
| ২০১১-২০১২ | ১১৭৫ | ২২৬ | ১০০ | ২০১ | ১৭০২ |
| ২০১২-২০১৩ | ১৪১৭ | ১২৮ | ১০১ | ২০৩ | ১৮৪৯ |
| ২০১৩-২০১৪ | ১১৯৮ | ১৩১ | ১৭৮ | ২০৩ | ১৭১০ |
| ২০১৪-২০১৫ | ১১৪৩ | ১৮৫ | ১৭৮ | ২০০ | ১৭০৬ |
| সর্বমোট | ৭৩৬৪ | ১৩৬৫ | ৯৮১ | ১৩৭৬ | ১১০৮৬ |

ছক নং ০৫. বিতরণকৃত প্রত্যয়ন ট্যাগের প্রতিবেদন ঃ

| সাল | ধান | গম | পাট | আলু | মোট |
|---|---|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | ১৯৪৪০৩৫ | ৬৪১২০০০ | ৭৫৩১০০০ | ৩৯৫০০০ | ১০৫১১২৩৫ |
| ২০০৯-২০১০ | ১০৯৭০০০ | ৩৬৭০০০ | ১৭৫৫০০০ | ২৩৫০০০ | ৩৪৫৪০০০ |
| ২০১০-২০১১ | ৯৯৪৪৯৮৩ | ১৩২৫০২৭ | ২৫০৬৬১৫ | ১২৩৯০২০ | ১৫০১৫৬৪৫ |
| ২০১১-২০১২ | ৯০৮৫১০০ | ২৬৬০০০ | ২৬১৩১৫০ | ৭২৯০০০ | ১২৬৯৩২৫০ |
| ২০১২-২০১৩ | ৮৪৩৯৩৮৩ | ৩০৬৫২৭ | ৬৮২৯৬৪ | ৫১৫২২০ | ৯৯৪৪০৯৪ |
| ২০১৩-২০১৪ | ৬৭৩৯৮০০ | ২৮৮০০০ | ৭৬৮০০০ | ৭২৪০০০ | ৮৫১৯৮০০ |
| ২০১৪-২০১৫ | ৮৮১২৪৭৫ | ২৪১২০০ | ১১৫১৬৬০ | ৮৯৫২০০ | ১১১০০৫৩৫ |
| সর্বমোট | ৪৬০৬২৭৭৬ | ৯২০৫৭৫৪ | ১৭০০৮৩৮৯ | ৪৭৩২৪৪০ | ৭১২৩৮৫৫৯ |

ছক নং ০৬. মার্কেট মনিটরিং এর আওতায় হাট বাজার হতে সংগৃহীত বীজ পরীক্ষার প্রতিবেদন:

| সাল | পরীক্ষিত নমুনার সংখ্যা | মানসম্পন্ন নমুনার সংখ্যা | নিম্নমানের নমুনার সংখ্যা |
|---|---|---|---|
| ২০০৮-০৯ | ৭১৭ | ৫২০ | ১৯৭ |
| ২০০৯-১০ | ১৩৭ | ৯০ | ৪৭ |
| ২০১০-১১ | ১৭ | ১৫ | ০২ |
| ২০১১-১২ | ৯০ | ৬১ | ২৯ |
| ২০১২-১৩ | ৪৮৫ | ২২৬ | ৭২ |
| ২০১৩-১৪ | ৩১১ | ২৫০ | ৬১ |
| ২০১৪-১৫ | ৪০৫ | ৩৬৩ | ৪২ |
| মোট | ২১৬২ | ১৫২৫ | ৪৫০ |